# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. ৮. উস্কানি দিয়ে হলেও যুদ্ধে বাধ্য করতে হবে

ইতোপূর্বে ঐশ্বরিক হত্যা প্রসঙ্গে আমরা দেখেছি যে, বাইবেলীয় ঈশ্বর নিজেই বিভিন্ন জাতির জনগণ ও শাসকদের মন কঠিন করে দেন, যেন তারা ঈশ্বরের প্রজা বা বাইবেল অনুসারীদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হতে বাধ্য হয় এবং এর পরিণতিতে ঈশ্বরের প্রজারা তাদেরকে নির্বিচারে হত্যা করতে এবং তাদের দেশ দখল করতে সক্ষম হন। এর পাশাপাশি ঈশ্বর তাঁর মনোনীত প্রজাদের নির্দেশ দিচ্ছেন যে, অন্যান্য রাজ্য আক্রমণ, দখল ও উস্কানি প্রদানের মাধ্যমে তাদেরকে যুদ্ধে নামতে বাধ্য করতে হবে। ‘‘তারপর মাবুদ বলেছিলেন, ‘তোমরা বের হয়ে পড় এবং অর্ণোব নদী পার হয়ে যাও। দেখ, আমি হিষ্বোনের আমোরীয় বাদশাহ সীহোন (Sihon) ও তার দেশ তোমাদের হাতে দিয়ে দিয়েছি। তোমরা তার দেশটা দখল করতে শুরু করে তাকে যুদ্ধে নামতে বাধ্য কর।’’ (দ্বিতীয় বিবরণ ২/২৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14553

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন